

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 04-10-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) এডিসি ভিলেজ কমিটি নির্বাচনের ভোট গণনা আগামীকাল ।
- (২) মুখ্যমন্ত্রী বলেছেন, জনগনের কাছে উন্নত পরিষেবা পৌঁছে দিতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।
- (৩) দান করা রক্তের প্রতিটি ফোঁটা এক অমূল্য উপহার- বলেছেন মুখ্যমন্ত্রী ।
- (৪) জাপানের নাগোয়ায় এশিয়ান গেমস-এর সমাপ্তি ।

VC Counting:

এডিসি ভিলেজ কমিটি নির্বাচনের ভোট গণনা আগামীকাল । রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন জানিয়েছেন, রাজ্যের ৪৪টি ব্লকের ৪৫টি কেন্দ্রে আগামীকাল সকাল ৮ টা থেকে গণনা শুরু হবে । এর জন্য প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । গণনা কেন্দ্রে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে । ৫৮৭ টি ভিলেজ কমিটির মোট ৪ হাজার ৫৯৭ টি আসনের মধ্যে ২ হাজার ৯৫৭ টি আসনে গত ২৮শে সেপ্টেম্বর ব্যালোট পত্রে ভোট নেওয়া হয় । ইতিমধ্যে ১ হাজার ৬৪০ জন প্রার্থী বিনাপ্রতিদ্বন্দীতায় জয় লাভ করেছেন । জয়ী প্রার্থীদের মধ্যে ভারতীয় জনতা পার্টির ৮১ জন, তিপরা মথা পার্টির ১ হাজার ৫৫৭ জন, সি পি আই (এম) দলের ১ জন এবং অন্যান্য দলের ১ জন প্রার্থী রয়েছেন ।

VC Election-Gomati:

এদিকে, ভোট গণনাকে কেন্দ্র করে গোমতী জেলাতেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে জেলা প্রশাসন। আগামীকাল সকাল ৮টা থেকে জেলার সাতটি ব্লকের গণনাকেন্দ্রে ভোট গণনা শুরু হবে। আজ জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে জেলাশাসক রিফ্লু লাথের জানান, গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা জারি করা হয়েছে। আজ সন্ধ্যা ৬টা থেকে ৬ অক্টোবর সকাল ৬টা পর্যন্ত বিভিন্ন বিধিনিষেধ কার্যকর থাকবে।

উদয়পুর-অমরপুর সড়ক এবং অমরপুর-ছবিমুড়া সড়কে যান চলাচলে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বিকল্প হিসেবে উদয়পুর-অমরপুরের যানবাহন হিরাপুর হয়ে এবং ছবিমুড়া এলাকার যানবাহন দেববাড়ি হয়ে চলাচল করবে। নিরাপত্তার স্বার্থে আগামীকাল পর্যটকদের ছবিমুড়া পর্যটন কেন্দ্রে না যাওয়ার পরামর্শ দিয়েছেন জেলাশাসক। তিনি আরও জানান, জেলার ১৮টি ভিলেজ কাউন্সিলের মধ্যে ৬৪টিতে ভোটগ্রহণ হয়েছে।

VC Election-South:

এডিসির ভিলেজ ভোটের গণনার জন্য আগামীকাল গোটা দক্ষিণ জেলায় বিএনএসের ১৬৩ ধারা মোতাবেক ৫ জনের অধিক ব্যক্তির জমায়েত নিষিদ্ধ করা হয়েছে বলে আকাশবানীকে জানান দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি। জেলা শাসক আরও জানান, জেলার ৮টি ব্লকের ৮টি গণনাকেন্দ্রে ভোট গণনা হবো গণনাকেন্দ্রগুলিতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলেও জানান তিনি। আজ জেলাশাসক খাছামুখ ও বকাফা ব্লকের গণনাকেন্দ্র পরিদর্শন করে যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখেন।

Voice over-Triple Talaq-2019:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসেবা থেকে দেশসেবার মঞ্চে দীক্ষিত হয়ে একনিষ্ঠ দায়বদ্ধতায় জনসেবার ২৫ বছর পূর্ণ করেছেন। সেবা ও অুশাসনের ভাবনায় কেন্দ্রীয় সরকার ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার লক্ষ্য অর্জনে নিরলস কাজ করে যাচ্ছে। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন এবং সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে এই নিষ্ঠা সর্বস্তরের মানুষের জীবনযাত্রায় রূপান্তর ঘটাবে। এই বিশেষ ধারাবাহিক 'জনসেবা থেকে দেশসেবা'-তে, MyGov প্ল্যাটফর্মের মাধ্যমে বাস্তবায়িত হতে থাকা 'তিন তালাক আইন, ২০১৯' নিয়ে শুনুন আজকের প্রতিবেদন।

Voice Over

CM-Pratapgarh:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, জনগণের কাছে উন্নত পরিষেবা পৌঁছে দিতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সেই লক্ষ্যেই নাগরিক পরিষেবার পরিকাঠামো আরও শক্তিশালী ও আধুনিক করে তোলার কাজ অব্যাহত রয়েছে। আজ প্রতাপগড়ে, আগরতলা পুর নিগমের ৪৩ নম্বর ওয়ার্ডের নবনির্মিত কার্যালয় উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, এই নতুন পরিকাঠামো আগামীদিনে এলাকার মানুষের কাছে নাগরিক পরিষেবা আরও সহজ, দ্রুত ও কার্যকরভাবে পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ।

Seva Sankalp Aviyan-Rajib:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে ভারতীয় জনতা পার্টির উদ্যোগে এক মাসব্যাপী 'সেবা সংকল্প অভিযানের অংশ হিসেবে আজ আগরতলা পুর নিগমের ৩১ নম্বর ওয়ার্ডে বৃক্ষরোপণ ও সাফাই অভিযান অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, কর্পোরেটর অঞ্জনা দাস প্রমুখ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

CM-Blood Donation:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দান করা রক্তের প্রতিটি ফোঁটা এক অমূল্য উপহার, যা কাউকে বেঁচে থাকার নতুন সুযোগ করে দিতে পারে। সেবা সংকল্প অভিযান'-এর অংশ হিসেবে আজ মুক্তধারা অডিটোরিয়ামে এসসি

মোর্চা আয়োজিত রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী রক্তদানের নেতৃত্বে তরুণ প্রজন্মকে এগিয়ে আসার জন্য এবং স্বৈচ্ছায় রক্তদান ও জনকল্যাণমূলক কর্মসূচির সাথে একটি সুস্থ ও মাদকমুক্ত ত্রিপুরা গড়ে তোলার উপর গুরুত্বরোপ করেন। তিনি বলেন, ‘সেবা সংকল্প অভিযান’ কেবল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উদযাপনের উদ্যোগই নয়, বরং এটি তাঁর ২৫ বছরের জনসেবাকে তুলে ধরারও একটি উপলক্ষ। তিনি আরও বলেন, সমাজের একেবারে প্রান্তিক ও দরিদ্রতম মানুষের কাছে সরকারি সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া নিশ্চিত করাই এই কর্মপদ্ধতির কেন্দ্রবিন্দু। শিবিরে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। শিবিরে ৬০ জন স্বৈচ্ছায় রক্তদান করেন।

Minister Tinku Roy:

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরে, ভারত সরকারের "মাই ভারত"-এর উদ্যোগে আয়োজিত বিকশিত ভারতের লক্ষ্যে রাজ্যভিত্তিক নেশামুক্ত যুবা পদযাত্রা'র আনুষ্ঠানিক সূচনা করে বলেন, গোটা দেশজুড়ে নেশার বিরুদ্ধে জনগণকে সজাগ-সচেতন করার উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যে বিভিন্ন জেলায় নেশামুক্তির হাসপাতাল স্থাপন করা হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, →মাই ভারত" এর রাজ্য অধিকর্তা মেহবুব আলম লস্কর। অনুষ্ঠানে নেশার বিরুদ্ধে সমবেত শপথ বাক্য পাঠ করা হয়। কৈলাশহরের শ্রীরামপুর ট্রাই জংশন থেকে পদযাত্রা শুরু হয়ে বিভিন্ন পথ পরিভ্রমণ করে। এতে সমাজের বিভিন্ন স্তরের নাগরিক ও BSF জওয়ানরাও অংশ নেন।

Minister Sudhanshu Das:

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, কীর্তন এক প্রাচীন লোক সংস্কৃতি। সময়ের সাথে সাযুষ্ঠ কীর্তন শিল্পীদের সার্বিক বিকাশে রাজ্য সরকার সচেষ্ট। ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের গোকুলনগর হাইস্কুলে "তারকব্রহ্ম কীর্তনিয়া শিল্পী সমিতি"র প্রথম জেলা সম্মেলনে প্রধান অতিথি হিসাবে তিনি ভাষণ দিচ্ছিলেন। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, স্থানীয় গ্রাম প্রধান রীনা রাণী দাস, সংগঠনের রাজ্য সভাপতি বাবুল শীল প্রমুখ।

Mega Blood Donation-Udaipur:

‘স্বচ্ছতা হি সেবা’ কর্মসূচির অঙ্গ হিসেবে রক্তের চাহিদা পূরণ করা এবং মূমূর্ষু রোগীদের জীবন বাঁচানোর লক্ষ্যে আজ উদয়পুরের ইয়ুথ ক্লাবের উদ্যোগে এক মেগা স্বৈচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

শিবিরের উদ্বোধন করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার। উপস্থিত ছিলেন পুর পরিষদের কাউন্সিলার নমিতা সাহা ও ধ্রুবলাল বণিক, মহকুমা শাসক ত্রিদিপ সরকার প্রমুখ।

Asian Games:

জাপানের নাগোয়ার নাগোয়া সিটি মিজুহো পার্ক অ্যাথলেটিক স্টেডিয়ামে এশিয়ান গেমস ২০২৬ আনুষ্ঠানিকভাবে আজ শেষ হয়েছে। এর মাধ্যমে ৪৩টি ইভেন্টে দুই সপ্তাহেরও বেশি সময় ধরে চলা প্রতিযোগিতার অবসান ঘটল। অলিম্পিক কাউন্সিল অব এশিয়ার সভাপতি আনুষ্ঠানিকভাবে সমাপ্তির ঘোষণা করেন। গেমসের আনুষ্ঠানিক মশাল ও পতাকা কাতারের প্রতিনিধিদের কাছে

হস্তান্তর করা হয়েছে। ২০৩০ সালে দোহায় পরবর্তী আসর হবে। গেমসে দুটি সোনা ও একটি রূপো জয়ী ভারতীয় শুটার নীরু খান্দা সমাপ্তি অনুষ্ঠানে ভারতের জাতীয় পতাকা বহন করেন। ভারত সামগ্রিক পদক তালিকায় চতুর্থ স্থানে থেকে অভিযান শেষ করেছে। ভারতের মোট ৮৫টি পদকের যার মধ্যে ২১টি সোনা, ২৭টি রূপো এবং ৩৭টি ব্রোঞ্জ পদক রয়েছে।

Weather:

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস ছিল।
